

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩৩৮.২০২৬/১৮২

তারিখঃ ৩০/০৪/২০২৬খ্রিঃ

জনাব মোঃ তৌহিদুল হাসান
সহকারী
কক্সবাজার (কক্সুরীঘাট) নদী বন্দর
বন্দর ও পরিবহন বিভাগ
বিআইডব্লিউটিএ, কক্সবাজার।

বিষয়ঃ অভিযোগনামা।

যেহেতু, আপনি জনাব মোঃ তৌহিদুল হাসান, সহকারী, বন্দর ও পরিবহন বিভাগ, সিলেট আঞ্চলিক দপ্তর, বিআইডব্লিউটিএ, সিলেট কর্মরত থাকাকালীন সময়ে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৮১/২০২৬; তারিখঃ ২৯/০১/২০২৬খ্রিঃ এর মাধ্যমে একই পদে কক্সবাজার (কক্সুরীঘাট) নদী বন্দর, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, কক্সবাজার বদলী পূর্বক পদায়ন করা হয়; যেহেতু, আপনি বদলীকৃত কর্মস্থল কক্সবাজার নদী বন্দরে যথাসময়ে কাজে যোগদান না করে গত ০৯/০৩/২০২৬খ্রিঃ তারিখ কাজে যোগদান করেন;

যেহেতু, আপনি ইচ্ছাকৃতভাবে কর্তৃপক্ষের আদেশ অমান্য করেন এবং বিনানুমতিতে গত ৩০/০১/২০২৬খ্রিঃ হতে ০৮/০৩/২০২৬খ্রিঃ তারিখ পর্যন্ত ৩৭ দিন বদলীকৃত কর্মস্থলে কাজে যোগদান করেননি; যেহেতু, অনুপস্থিতকালীন সময়ে আপনি নিয়ন্ত্রণ কর্মকর্তা সহ দপ্তরের কারোর সাথে কোনরূপ যোগাযোগ করেননি; এতে কর্তৃপক্ষের কাজের বিঘ্ন সৃষ্টি হয়েছে;

যেহেতু, আপনার উপযুক্ত কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি এবং কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫ (ক) এবং ৩৫(খ) প্রবিধি অনুসারে যথাক্রমে “দায়িত্ব পালনে অবহেলা” এবং “অসদাচরণ” এর অন্তর্ভুক্ত;

সেহেতু, উল্লিখিত কর্মকাণ্ডের জন্য বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১)(অ) প্রবিধি অনুযায়ী আপনার প্রতি যে কোন দণ্ড কেন আরোপ করা হবে না অত্র অভিযোগনামা প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে তার জবাব প্রদানের জন্য বলা হলো।

স্বাক্ষরিত

(রিয়ার এডমিরাল আরিফ আহমেদ মোস্তফা)

চেয়ারম্যান

বিআইডব্লিউটিএ।

অনুলিপি

০১। পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০২। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা

(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৩। বন্দর ও পরিবহন কর্মকর্তা, বন্দর ও পরিবহন বিভাগ, সিলেট আঞ্চলিক দপ্তর, বিআইডব্লিউটিএ, সিলেট।


০৪। সহকারী বন্দর ও পরিবহন কর্মকর্তা, কক্সবাজার (কক্সুরীঘাট) নদী বন্দর, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, কক্সবাজার।

০৫। সহকারী পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, কক্সবাজার।

০৬। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০৮। নথি।



(মোঃ সাইফুল ইসলাম)

পরিচালক(প্রশাসন ও মানবসম্পদ)

বিআইডব্লিউটিএ।